

আকাশে তোর তেমনি আছে ছুটি,
 অলস যেন না রয় ডানা দুটি ॥
 ওরে পাখি, ঘন বনের তলে
 বাসা তোরে ভুলিয়ে রাখে ছলে,
 রাত্রি তোরে মিথ্যে করে বলে—
 শিথিল কভু হবে না তার মুঠি ॥
 জানিস নে কি কিসের আশা চেয়ে
 ঘুমের ঘোরে উঠিস গেয়ে গেয়ে ।
 জানিস নে কি ভোরের আঁধার-মাবো
 আলোর আশা গভীর সুরে বাজে,
 আলোর আশা গোপন রহে না যে—
 রুদ্ধ কুঁড়ির বাঁধন ফেলে টুটি ॥

Parjaay: Bichitro, Taal: Dadra/Khemta, Raag: Mishra-Ramkeli
 Visit www.geetabitan.com for notation and other detail